

স্মারক নং: ১৩.০১.৯১৬২.০০২.৫৯.০০৩.২২.২২৫

তারিখ: ২৭/০৯/২০২৬ খ্রি.

সিলেট সদর উপজেলার জন্য ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয় এর ০২/০৯/২০২৬ খ্রি. তারিখে ১৩.০০.০০০০.০০০.০৪৬.৩৩.০০০১.২৪.২০৯ নং স্মারকের প্রেক্ষিতে ও খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুযায়ী এবং বিপত ২৩/০৯/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটি, সিলেট সদর এর সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সিলেট সদর উপজেলায় টুকেরবাজার ইউনিয়নের গোয়াবাড়ী বাজার ও খাদিমপাড়া ইউনিয়নের শীরের বাজার-এ একজন করে মোট ০২ জন ওএমএস ডিলার (ট্রাক/দোকান) নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে আগামী ১৫/১০/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট সদর বরাবর দরখাস্ত আদান করা যাবে। বিস্তারিত তথ্যের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট সদর, জিলাবাজার-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক/জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত হতে হবে এবং তার বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে;
- ২। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং ট্রেড লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
- ৩। আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
- ৪। আবেদনকারীর কমপক্ষে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে;
- ৫। আবেদনকারীকে অধিক মিক থেকে স্বচ্ছল ও মাল্যমালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
- ৬। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাক/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে;
- ৭। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোন অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;
- ৮। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবাহক ডিলার হিসাবে কর্মরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না;
- ৯। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
- ১০। কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে;
- ১১। ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়;
- ১২। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে;
- ১৩। আবেদনকারীকে বিজ্ঞপ্তিতে উল্লিখিত স্থানে আবেদন করতে হবে এবং একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে;
- ১৪। ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের মূল্য বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা এ-চালানের মাধ্যমে যে কোন তফসিলী ব্যাংকে খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড নং “১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়” খাতে জমাপ্রদান পূর্বক উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট সদর, সিলেট হতে আবেদন ফরম ও বিক্রয় কেন্দ্রের তালিকা সংগ্রহ করা যাবে। টাকা জমা দেয়ার পূর্বে অত্র দপ্তরের হিসাব শাখা হতে চালান পাশ করাতে হবে। এ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ১৫। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
- ১৬। আবেদনকারীকে আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি একটি খামে ঢুকিয়ে মুখবন্ধ অবস্থায় আগামী ১৫/১০/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট সদর, জিলাবাজার-এ রক্ষিত বস্ত্রে জমা প্রদান করতে হবে। খামের উপরে আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নং এবং খামের উপরে জানশাশে বিক্রয় কেন্দ্রের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে;
- ১৭। ওএমএস ডিলার নিয়োগে সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সরকারি নির্দেশনা, নীতিমালা এবং অন্যান্য আদেশ সমূহ প্রযোজ্য হবে;
- ১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

স্বাক্ষর:

(মোহাম্মদ সাখাওয়াত হোসেন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সিলেট সদর, সিলেট ও
সদস্য সচিব, উপজেলা ওএমএস কমিটি

তারিখ: ২৭/০৯/২০২৬ খ্রি.

স্মারক নং: ১৩.০১.৯১৬২.০০২.৫৯.০০৩.২২.২২৫

অনুলিপি: সদর অবগতি/অবগতির জন্য

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। জেলা প্রশাসক, সিলেট;
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট বিভাগ, সিলেট;
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট;
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর ও সভাপতি, উপজেলা ওএমএস কমিটি;
- ৬। উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি;
- ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি;
- ৮। চেয়ারম্যান, টুকের বাজার ইউপি, সিলেট সদর ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি;
- ৯। চেয়ারম্যান, টুকের বাজার/খাদিমপাড়া ইউপি, সিলেট সদর;
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল, অত্র দপ্তর;
- ১১। অফিস কপি।

স্বাক্ষর:
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

সিলেট সদর, সিলেট ও
সদস্য সচিব, উপজেলা ওএমএস কমিটি,
সিলেট সদর।